

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৬৫

১/ বিবিধ

আরবী

تضاعف الحسنات يوم الجمعة

موضوع

رواه الطبراني في "الأوسط" (48 / 2 من ترتيبه) عن حامد بن آدم: حدثنا الفضل بن موسى عن محمد بن عمرو عن أبي سلمة عن أبي هريرة مرفوعاً. قال الطبراني: "لم يروه عن محمد بن عمرو إلا الفضل
قلت: وهو ثقة من رجال الشيدين، وشيخه حسن الحديث، وإنما الآفة من حامد بن آدم، فقد كذبه الجوزجاني وأبن عدي، وعده أحمد بن علي السليماني فيمن اشتهر
بوضع الحديث

বাংলা

১৭৬৫। জুময়ার দিনে সৎআমলগুলোক দ্বিগুণ করে (বাড়িয়ে) দেয়া হয়।

হাদীসটি বাণোয়াট।

হাদীসটিকে ত্বরানী “আলআওসাত” গ্রন্থে (২/৪৮) হামেদ ইবনু আদম হতে, তিনি ফাযল ইবনু মুসা হতে, তিনি মুহাম্মাদ ইবনু আমর হতে, তিনি আবু সালামাহ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

ত্বরানী বলেনঃ মুহাম্মাদ ইবনু আমর হতে হাদীসটিকে শুধুমাত্র ফার্মল বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি (ফাযল) নির্ভরযোগ্য, বুখারী এবং মুসলিমের বর্ণনাকারী। আর তার শাহীখ হাদীসের

ক্ষেত্রে ভাল। সমস্যা হচ্ছে হামেদ ইবনু আদম হতে। কারণ তাকে জুয়জানী ও ইবনু আদী মিথ্যক আখ্যা দিয়েছেন। আর আহমাদ ইবনু আলী সুলাইমানী তাকে তাদের মধ্যেই গণ্য করেছেন যারা হাদীস জাল করার ব্যাপারে প্রসিদ্ধি লাভ করেছিল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72648>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন